37698 - নারীদের মসজিদে ইতিকাফ

প্রশ্ন

নারীদের জন্য রমজানের শেষে দশদিন মসজিদে ইতিকাফ করা জায়েয কি না?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

সমস্তপ্রশংসাআল্লাহরজন্য। হ্যাঁ, নারীদেরজন্যরমজানেরশেষদশদিন মসজিদেইতিকাফকরাজায়েয।

বরং ইতিকাফনারী-পুরুষউভয় শ্রেণীরজন্যএকটি সুন্নত ইবাদত।মুমিনদের মাতাগণ তথা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের স্ত্রীবর্গ তাঁর জীবদ্দশায় ও তাঁর মৃত্যুর পরে মসজিদেইতিকাফ করেছেন।

সহীহ বুখারী (২০২৬)ও সহীহ মুসলিম(১১৭২) এ নবীসাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরস্ত্রীআয়েশারাদিয়াল্লাহু আনহা থেকেবর্ণিতহয়েছে যে: "নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকেআল্লাহতাআলা মৃত্যু দানের আগ পর্যন্ততিনি রমজানেরশেষদশদিনইতিকাফপালনকরতেন। তাঁর মৃত্যুর পরতাঁরস্ত্রীগণইতিকাফপালনকরেছেন।"

"আউনুল মাবূদ" গ্রন্থেবলাআছে-

"এ হাদিসে দলীল পাওয়া যায় যেইতিকাফেরক্ষেত্রেনারী-পুরুষসমান।"

শাইখআবদুল আযীযইবনবাযরাহিমাহুল্লাহবলেছেন:

"ইতিকাফ নারী-পুরুষ উভয়েরজন্যসুন্নত।নবীসাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামথেকেপ্রমাণিতহয়েছেযেতিনিরমজানেইতিকাফপালনকরতেন।সবশেষে তাঁর ইতিকাফরমজানের শেষদশদিনেস্থিরহয়এবংতাঁরকয়েকজনস্ত্রীওতাঁরসাথেইতিকাফপালনকরতেন। তাঁর মৃত্যুর পরেও তাঁরাইতিকাফপালনকরেছেন। ইতিকাফেরস্থান হচ্ছে- এমন মসজিদ যেখানেজামাতেরসাথে সালাত আদায়করাহয়।"সমাপ্ত

ইন্টারনেটে শাইখইবনবাযেরওয়েবসাইটথেকেনেয়াহয়েছে সংগৃহীত।

আল্লাহইসবচেয়েভালজানেন।